রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, অক্টোবর ১৮, ১৯৯০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা

(শুল্ক ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ: ০৩রা আগষ্ট, ১৯৯৩/১৯শে শ্রাবণ, ১৪০০

এস, আর, ও নং-১৫৩-আইন/৯৩/১৫২০/শুল্ক—Customs Act, 1969 (IV of 1969) এর Section 219 (উক্ত আইন এর THIRD SCHEDULE-এর item 2-এর সহিত পঠিতব্য) এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৬৬ তে প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা:—

১। সংক্ষিপ্ত শিরনামা।—এই বিধিমালা সম্পূর্ণ রপ্তানীমুখী শিল্প প্রতিষ্ঠান (সাময়িক আমদানী) বিধিমালা, ১৯৯৩ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) "আইন" অর্থ Customs Act, 1969 (IV of 1969);

(খ) "কাঁচামাল" অর্থ রপ্তানীর লক্ষ্যে পণ্য উৎপাদনের জন্য আমদানীকৃত কাঁচামাল ও মোড়ক;



মূল্য: টাকা ৬.০০

(গ) "পণ্যের স্বত্বাধিকারী" অর্থ কোন শিল্প প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী বা ব্যবস্থাপনাকারী কোন ব্যক্তি, ব্যবসায় প্রতিষ্ঠান, ব্যক্তি সংঘ বা সমিতি;

(ঘ) "ফরম" অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত ফরম;

(ঙ) "বণ্ডদাতা" অর্থ আইনের Section 86 এর অধীন বণ্ডদাতা;

(চ) "লাইসেন্স" অর্থ আইনের Section 13 এর আওতায় কোন শিল্প প্রতিষ্ঠানকে প্রদত্ত প্রাইভেট বণ্ডেড ওয়্যারহাউস লাইসেন্স;

(ছ) "শিল্প প্রতিষ্ঠান" অর্থ সম্পূর্ণ রপ্তানীমুখী কোন শিল্প প্রতিষ্ঠান, যাহা পণ্য প্রস্তুত ও রপ্তানীর লক্ষ্যে প্রয়োজনীয় কাঁচামাল আমদানী করে; এবং

(জ) "সম্পূর্ণ রপ্তানীমুখী শিল্প প্রতিষ্ঠান" অর্থ এমন কোন শিল্প প্রতিষ্ঠান যাহা তৎকর্তৃক প্রস্তুতকৃত বা উৎপাদিত সকল পণ্য বিদেশে রপ্তানী করে এবং উক্ত পণ্যের কোন অংশ দেশের অভ্যন্তরে ব্যবহার বা ভোগের জন্য সরবরাহ করে না।

৩। (১) শিল্প প্রতিষ্ঠানসমূহ ব্যাক-টু-ব্যাক ঋণপত্রের বিপরীতে কাঁচামাল আমদানী করিতে পারিবে।

(২) উপ-বিধি (১) এ বর্ণিত ব্যবস্থার বিকল্প হিসাবে কোন শিল্প প্রতিষ্ঠান মাষ্টার রপ্তানী ঋণপত্র (Master Export L/C) ছাড়াই সংশ্লিষ্ট কালেক্টর এর অনুমতিক্রমে প্রয়োজনীয় কাঁচামাল আমদানী শুল্ক ও অন্যান্য করসমূহ পরিশোধ ব্যতিরেকেই আমদানী করিতে পারিবে এবং উক্তরূপ কাঁচামাল পরবর্তী রপ্তানী আদেশের বিপরীতে সমন্বয় করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট কালেক্টর শিল্প প্রতিষ্ঠানটির সংশ্লিষ্ট বৎসরের অব্যবহিত পূর্ববর্তী বৎসরের রপ্তানীকৃত পণ্যের এক-তৃতীয়াংশ পণ্য তৈরী করিতে যে পরিমাণ কাঁচামাল প্রয়োজন, সেই পরিমাণের অধিক কাঁচামাল আমদানীর অনুমতি দিতে পারিবেন না।

৪। কোন বণ্ডদাতা নিম্নবর্ণিত শর্তাবলী পূরণ সাপেক্ষে রপ্তানীর লক্ষ্যে পণ্য উৎপাদনের জন্য কাঁচামাল আমদানী শুল্ক ও অন্যান্য করসমূহ পরিশোধ ব্যতিরেকে ছাড় করাইতে পারিবেন, যথা:—

(ক) সংশ্লিষ্ট কালেক্টরের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তার (সহকারী কালেক্টর পদমর্যাদা নিম্নে নহে) নিকট ক্রেতার ঋণপত্র (মাষ্টার রপ্তানী ঋণপত্র), চুক্তিনামা এবং ক্রয়াদেশের একটি করিয়া অনুলিপি দাখিল করিবেন;

(খ) লিখিতভাবে সকল কালেক্টর, কাষ্টমস এবং কালেক্টর, কাষ্টমস, এক্সাইজ ও মূল্য সংযোজন করকে তাহার বিদেশ ব্যাংকসমূহের নাম ও ঠিকানা অবহিত করিবেন;

(গ) বিল অব এন্ট্রি দাখিল করার সময় ক্রেতার ঋণপত্র (মাষ্টার রপ্তানী ঋণপত্র) চুক্তিপত্র বা ক্রয়াদেশ এবং অন্যান্য আনুষংগিক দলিলাদিও দাখিল করিবেন;

(ঘ) সংশ্লিষ্ট আমদানীকৃত পণ্য চালানের ইনভয়েসে ক্রেতার ঋণপত্রের নম্বর উল্লেখ রহিয়াছে মর্মে নিশ্চিত করিবেন।

৫। (১) বিধি (৪) এর দফা (ক) অধীন ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা উক্ত বিধির দফা (ক) ও (খ) এর অধীন দাখিলকৃত দলিলাদি ও কাগজ পত্র পরীক্ষা করিয়া উহা সংশ্লিষ্ট উৎপাদন সহগ এর সহিত সামঞ্জস্যপূর্ণ কিনা তাহা নিশ্চিতকরণপূর্বক এবং বণ্ডদাতার কার্যক্রম মূল্যায়ন করিবার পর তাহার অনুকূলে ইউটিলাইজেশন পারমিশন (ইউ, পি) ইস্যু করিবেন।

(২) যে সকল ক্ষেত্রে স্বীকৃত উৎপাদন সহগ রহিয়াছে বা অনুরূপ উৎপাদন সহগ নির্ধারণের জন্য সরকার কর্তৃক স্বীকৃত কোন কমিটি, প্রতিষ্ঠান বা দপ্তর রহিয়াছে, সেই সকল ক্ষেত্রে বণ্ড দাতাকে উক্ত কমিটি, প্রতিষ্ঠান বা দপ্তর হইতে প্রযোজ্য উৎপাদন সহগের প্রত্যয়ন পত্র সংগ্রহ করিয়া ইউটিলাইজেশন পারমিশন (ইউ, পি) এর জন্য আবেদন করিতে হইবে; এবং যে সকল ক্ষেত্রে উক্তরূপ স্বীকৃত উৎপাদন সহগ নাই বা অনুরূপ সহগ নির্ধারনের জন্য উক্তরূপ স্বীকৃত কোন কমিটি, প্রতিষ্ঠান বা দপ্তর নাই সেই সকল ক্ষেত্রে বণ্ডদাতাকে শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তরের নিকট হইতে প্রযোজ্য বিশ্লেষণ পত্র সংগ্রহ করিয়া ইউটিলাইজেশন পারমিশন (ইউ, পি) এর জন্য আবেদন করিতে হইবে।

(৩) বিধি ৪ এবং উপ-বিধি (১) এর শর্তসমূহ যথাযথভাবে পূরণ হইয়াছে মর্মে নিশ্চিত হইলে সংশ্লিষ্ট শুল্ক কর্মকর্তা শুল্কায়ন প্রক্রিয়া সমাপ্ত করিবেন এবং আমদানী শুল্ক ও অন্যান্য করসমূহ আদায় ব্যতিরেকে কাঁচামাল ছাড় দেওয়ার অনুমতি দিবেন।

(৪) বণ্ডদাতা বিধি ৪ এর শর্তসমূহ পূরণে ব্যর্থ হইলে বা দাখিলকৃত দলিলাদিতে জালিয়াতির আশ্রয় গ্রহণ করিলে বা কোন ভুল তথ্য পরিবেশন করিলে বা কোন মিথ্যা ঘোষণার আশ্রয় করিলে উহার দায়-দায়িত্ব সম্পূর্ণভাবে তাহাকেই বহন করিতে হইবে।

৬। (১) যে সকল কাস্টম হাউস বা ষ্টেশনের মাধ্যমে পণ্যসমূহ আমদানী ও রপ্তানী করা হইবে সেই সকল কাস্টম হাউস বা ষ্টেশন কর্তৃপক্ষ ফরম "ক"তে সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষের অনুকূলে দুইটি করিয়া পাসবই ইস্যু করিবেন। মূল পাস বইটি ইস্যুকারী কর্তৃপক্ষের নিকট রক্ষিত থাকিবে এবং ডুপ্লিকেট পাস বইটি শিল্প প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে দেওয়া হইবে।

(২) কোন আমদানী অথবা রপ্তানী কার্যক্রম সংঘটিত হওয়ার কালে শুল্ক বিভাগের একজন কর্মকর্তা (এ্যাপ্রেইজার অথবা পরিদর্শক পদমর্যাদার নিম্নে নহেন) সংশ্লিষ্ট চালান সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাবলী পাসবই এর উভয় কপিতে লিপিবদ্ধ করিবেন এবং শুল্ক বিভাগের প্রিন্সিপাল এ্যাপ্রেইজার অথবা সুপারিনটেনডেন্ট উহা সত্যায়িত করিবেন। সংশ্লিষ্ট তথ্যাবলী শুল্কায়ন পর্যায়ে পাসবই এ লিপিবদ্ধ করিতে হইবে এবং সংশ্লিষ্ট চালানের আউট পাশ প্রদানের সময় বণ্ডদাতার পাসবই এ সংশ্লিষ্ট তথ্যাবলী যথাযথভাবে লিপিবদ্ধ পাওয়া গেলেই আউটপাস প্রদান করা হইবে। পাসবই পরীক্ষার দায়িত্বপ্রাপ্ত শুল্ক বিভাগের কোন কর্মকর্তাকে শিল্প প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ ডুপ্লিকেট পাস বইটি দেখাইতে বাধ্য থাকিবেন।

৭। তৈরী পোষাক রপ্তানী কার্যে নিয়োজিত শিল্প প্রতিষ্ঠানসমূহ কর্তৃক আমদানীকৃ কাঁচামালের ক্ষেত্রে ফরম 'খ' এ উল্লেখিত উৎপাদন সহগ অনুসরন করিতে হইবে। যদি কোন রপ্তানীতব্য পণ্য উক্ত ফরমে উল্লেখ করা না হয় তাহা হইলে উহার ক্ষেত্রে ইউটি-লাইজেশন এক্সপার্ট কমিটির কনজাম্পশন সার্টিফিকেটের মাধ্যমে হিসাব রাখিতে হইবে এবং উক্ত হিসাব বণ্ডদাতার দায়িত্ব নির্ধারণের ভিত্তি হিসাবে বিবেচিত হইবে।

৮। যদি কোন শিল্প প্রতিষ্ঠান কর্তৃক সংশ্লিষ্ট উৎপাদন সহগ অনুযায়ী পণ্যসমূহ প্রস্তুত ও রপ্তানী করার পর কাঁচামাল উদ্বৃত্ত থাকে তাহা হইলে সংশ্লিষ্ট কালেক্টরের পূর্বানুমতি সাপেক্ষে উক্ত শিল্প প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ আরোপনীয় আমদানী শুল্ক ও অন্যান্য করসমূহ পরিশোধ করিয়া উক্ত উদ্বৃত্ত কাঁচামাল স্থানীয় বাজারে বিক্রয় করিতে পারিবে অথবা ভবিষ্যতে রপ্তানীর উদ্দেশ্যে পণ্য প্রস্তুত করিবার জন্য নূতন রপ্তানী ঋণপত্রের বিপরীতে উক্ত উদ্বৃত্ত কাঁচামাল ব্যবহার করিতে পারিবে।

৯। (১) পণ্যের স্বত্বাধিকারী সংশ্লিষ্ট কালেক্টর কর্তৃক নির্ধারিত ফরমে একটি বণ্ড রেজিষ্টার সংরক্ষণ করিবেন এবং উহাতে ইউটিলাইজেশন পারমিশন (ইউ, পি) অনুযায়ী চলতি মাসের আমদানী ও রপ্তানী সংক্রান্ত তথ্যাবলী ও তৎপূর্ববর্তী মাসের জের লিপিবদ্ধ করিবেন।

(২) বণ্ডদাতা সংশ্লিষ্ট কালেক্টর, কাস্টম হাউস অথবা কালেক্টর, কাস্টমস, এক্সাইজ ও মূল্য সংযোজন কর কর্তৃক নির্ধারিত ফরমে একটি বার্ষিক বিবরণী (আমদানী-রপ্তানীর খতিয়ান) প্রস্তুত করিয়া উহা তাহার নিয়োগ ব্যাংক কর্তৃক সত্যায়িত করাইবেন এবং উহার একটি অনুলিপি সংশ্লিষ্ট কাস্টম হাউস বা ষ্টেশন এবং বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ বিভাগে পরবর্তী বৎসরের ১৫ই জানুয়ারীর মধ্যে দাখিল করিবেন এবং উহার একটি অনুলিপি তাহার নিজ কার্যালয়েও সংরক্ষণ করিবেন।

(৩) বণ্ডদাতা নির্দিষ্ট সময়ের মধ্যে উপ-বিধি (২) এ উল্লিখিত বিবরণী দাখিল করিতে ব্যর্থ হইলে সংশ্লিষ্ট শুল্ক কর্তৃপক্ষ কোন কারণ না দর্শাইয়া তাহার অনুকূলে ইউটিলাইজেশন পারমিশন (ইউ, পি) ইস্যু করা এবং কাঁচামালের চালান ছাড় দেওয়া বন্ধ রাখিতে পারিবেন।

১০। প্রতিটি কাস্টম হাউস অথবা কাস্টমস, এক্সাইজ ও মূল্য সংযোজন কর কালেক্টরেটের পরিদর্শনকারী দল উহাদের আওতাধীন শিল্প প্রতিষ্ঠানসমূহের বার্ষিক পরিদর্শনকার্য সংশ্লিষ্ট বৎসরের পরবর্তী বৎসরের ৩১শে মার্চের মধ্যে সম্পন্ন করিবে। তবে প্রয়োজনবোধে কালেক্টরের লিখিত আদেশের ভিত্তিতে কোন শিল্প প্রতিষ্ঠান বৎসরে একাধিকবার পরিদর্শন করা যাইতে পারে। পরিদর্শনকারী দল কাঁচামাল, রপ্তানীকৃত পণ্য এবং মজুদ কাঁচামালের পরিমাণ নির্ণয় করিবেন এবং সংশ্লিষ্ট কালেক্টরের কাছে এই বিষয়ে বিস্তারিত প্রতিবেদন উক্ত ৩১শে মার্চের পরবর্তী ৩০শে এপ্রিলের মধ্যে দাখিল করিবে এবং সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠানের পাসবই এর মন্তব্য কলামে পরিদর্শনের সময় ও তারিখ উল্লেখপূর্বক মতামত লিপিবদ্ধ করিবে। যদি ইতিপূর্বে যাচাইকৃত কোন বিশেষ সময়সীমা সংক্রান্ত দলিলাদি পুনরায় পরীক্ষা করার প্রয়োজন হয়, তাহা হইলে সেক্ষেত্রে সংশ্লিষ্ট কালেক্টরের পূর্বানুমতির প্রয়োজন হইবে। বণ্ডদাতা পরিদর্শনকারী দলের চাহিদা অনুযায়ী পরিদর্শনের সময় সংশ্লিষ্ট যে কোন দলিলাদি দেখাইতে বাধ্য থাকিবেন।

১১। বণ্ডদাতা আইনের CHAPTER XI -এর বিধানাবলী অনুসরণ করিতে বাধ্য থাকিবেন।

১২। এই বিধিমালা কার্যকরী করার লক্ষ্যে সকল কালেক্টর, কাস্টমস এবং কালেক্টর, কাস্টমস, এক্সাইজ ও মূল্য সংযোজন কর প্রয়োজন অনুযায়ী স্থায়ী আদেশ অথবা অফিস আদেশ জারী করিতে পারিবেন।

১৩। কোন শিল্প প্রতিষ্ঠান এই বিধিমালার অধীন বণ্ডেড ওয়্যার হাউস লাইসেন্সের জন্য আবেদন করিলে প্রয়োজনীয় আনুষ্ঠানিকতা পালন সাপেক্ষে জরুরী ভিত্তিতে লাইসেন্স প্রদান করিতে হইবে।

১৪। সাধারণভাবে শিল্প প্রতিষ্ঠানসমূহের বণ্ডেড ওয়্যার হাউস লাইসেন্স স্বয়ংক্রিয় -ভাবে নবায়িত হইবে, তবে যে সকল শিল্প প্রতিষ্ঠানের নিকট সরকারের বকেয়া শুল্ক বা অন্য কোন কর পাওনা থাকে বা আইনের কোন বিধান ভংগের অভিযোগ থাকে তাহাদের বিরুদ্ধে আইনের অধীন লাইসেন্স বাতিলসহ অন্যান্য শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

১৫। Export Oriented Garments Industries (Temporary Importation) Rules; 1985 এতদ্বারা রহিত করা হইল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

"ফরম ক"

(বিধি ২ (খ) দ্রষ্টব্য)

সম্পূর্ণ রপ্তানীমুখী শিল্প প্রতিষ্ঠানের পাস বই আমদানী ও রপ্তানী

১। শিল্প প্রতিষ্ঠানের নাম

২। ঠিকানা :

৩। পাস বই নম্বর :

৪। শিল্প পরিদপ্তরের রেজিষ্ট্রেশন নম্বর :

৫। বণ্ডেড ওয়্যার হাউস লাইসেন্স নম্বর :

৬। উৎপাদন শুরুর তারিখ :

৭। সংশ্লিষ্ট লিয়েন ব্যাংকের নাম :

৮। পাস বইয়ের পৃষ্ঠা সংখ্যা :

৯। ব্যবস্থাপনা কর্তৃপক্ষের পক্ষে স্বাক্ষর :

১০। প্রদানকারী শুল্ক কর্মকর্তার স্বাক্ষর :

পাস বই পৃষ্ঠা ......................

আমদানী তথ্য ......................

| বিল/এন্ট্রি নম্বর ও তারিখ | এল, সি নং ও তারিখ | কাঁচামালের বিবরণ | বণ্ড নম্বর ও তারিখ | কাঁচামালের মোট মূল্য ইউ, এস, ডলার | এ্যাপ্রেইজার/ পরিদর্শক (স্বাক্ষর) | প্রধান এ্যাপ্রেইজার/ সুপারিনটেনডেন্ট (স্বাক্ষর) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |

পরিদর্শকের মন্তব্য ....................

তারিখ ..........

পাস বই পৃষ্ঠা................

রপ্তানী তথ্য...........

| বিল অব এক্সপোর্ট নং ও তারিখ | বণ্ড নং ও তারিখ | রপ্তানীতব্য পণ্যের বিবরণ | অনুমোদিত উৎপাদনসহ অনুযায়ী ব্যবহৃত মোট কাঁচামাল। | | রপ্তানীকৃত পণ্যসমূহের মোট মূল্য ইউ, এস, ডলার | এ্যাপ্রেইজার/ পরিদর্শক | প্রধান এ্যাপ্রেইজার/ সুপারিনটেন্ডেন্ট। |
|---|---|---|---|---|---|---|---|
| | | | বিবরণ | পরিমাণ | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | | | | | |

পরিদর্শকের মন্তব্য..........

তারিখ.............

"ফরম-খ"

[বিধি ২ (ঘ) দ্রষ্টব্য]

"উৎপাদন সহগ"

সম্পূর্ণ রপ্তানীমুখী তৈরী পোষাক শিল্প প্রতিষ্ঠানসমূহের জন্য কাপড় কনজামশনের মান-৪৪/৪৫" "বহরের কাপড়ের জন্য (ডজন হিসাবে)।

| আইটেম | সাইজ | পুর্ণ হাতা বিশিষ্ট | | খাটো হাতা বিশিষ্ট | |
|---|---|---|---|---|---|
| | | সলিড | ডিংহ্যাম | সলিড | ডিংহ্যাম |
| প্রাপ্ত বয়স্ক পুরুষ ও বালকদের শার্ট | ১২ এম-৪টি | ৯.০০ গজ | ৯.৫০ গজ | ৮.০০ গজ | ৮.৫০ গজ |
| | ৪-৭ | ১১.২৫ " | ১১.৭৫ " | ৯.৭৫ " | ১০.০০ " |
| | ৭-১৪ | ১৪.২৫ " | ১৪.৭৫ " | ১২.৭৫ " | ১৩.২৫ " |
| | ৮-১৮ | ১৭.২৫ " | ১৭.৭৫ " | ১৫.২৫ " | ১৫.৭৫ " |
| | ৮-২-০ | ১৮.২৫ " | ১৮.৭৫ " | ১৬.৭৫ " | ১৭.২৫ " |
| প্রাপ্ত বয়স্কদের জন্য | এস এম এল এক্স এল অথবা ৩৪-৪৪ বা ১৩.৫-১৭.৫ সাইজ | ২২.৭৫ গজ | ২৩.২৫ গজ | ১৯.০০ গজ | ১৯.৫০ গজ |

১। উপরিউক্ত উৎপাদন সহগ দ্বারা কাপড়ের দৈর্ঘ্য নির্ধারিত হইবে। প্রকৃত কনজামশন নির্ণয়ের জন্য মার্কিং দৈর্ঘ্যের সংগে প্রসেস লস হিসাবে ৪.৫% যোগ করিতে হইবে।

২। উপরিক্ত উৎপাদন সহগ ৪৪/৪৫" বহরের কাপড়ের জন্য নির্ধারণ করা হইয়াছে। যদি কাপড়ের বহরের কোন তারতম্য ঘটে তবে সেক্ষেত্রে নিম্নে উল্লিখিত উৎপাদন সহগ অনুসরণ করিতে হইবে:

$$\frac{\text{প্রয়োজনীয় কাপড়ের পরিমাণ} \times 45''}{\text{প্রকৃত বহর}}$$

অতিরিক্ত আবশ্যকতা (ডজন হিসাব)।

(ক) ১০০% সুতি কাপড়ের জন্য বিশেষ অনুমোদন হিসাবে ৪% যোগ করিতে হবে।

| | প্রাপ্ত বয়স্কদের জন্য | শিশুদের জন্য |
|---|---|---|
| (খ) প্রতিটি অতিরিক্ত পকেটের জন্য .. .. | ০·৩৩ গজ | ০·২০ গজ |
| (গ) প্রতিটি ফ্ল্যাপের জন্য .. .. | ০·১০ গজ | ০·১০ গজ |
| (ঘ) প্ল্যাকেট ফ্রন্টের জন্য -২ পিস .. .. | ০·৫০ গজ | ০·২৫ গজ |
| (ঙ) প্রতি জোড়া এপলেটের জন্য .. .. | ০·৪০ গজ | ০·৩৫ গজ |

৪৪/৪৫" বহরের কাপড়ের দৈর্ঘ্য (ডজন হিসাবে)

| আইটেম | সাইজ | দীর্ঘ হাতা বিশিষ্ট | | খাটো হাতা বিশিষ্ট | |
|---|---|---|---|---|---|
| | | সলিড | জিংহ্যাম | সলিড | জিংহ্যাম |
| মহিলা, বালিকা এবং শিশুদের (ব্লাউজ) | ০-৪ | ৯.০ গজ | ৯.৫ গজ | ৮.০ গজ | ৮.৫ গজ |
| | ৪-৭ | ১১.৫ " | ১২.০ " | ১০.০ " | ১০.৫ " |
| | ৭-১৪ | ১৪.৫ " | ১৫.০ " | ১৩.০ " | ১৩.৫ " |
| | ৮-১৮ | ১৭.৫ " | ১৮.০ " | ১৫.৫ " | ১৬.০ " |
| প্রাপ্ত বয়স্কদের জন্য | ৩৪-৪৬ এস এম এল | ১৯.০ " | ১৯.৫ " | ১৭.৫ " | ১৮.০ " |
| | এক্স এল এস এম এল | ২১.৬০ " | ২২.১০ " | ১৯.৫ " | ২০.০০ " |

১। উপরিউক্ত উৎপাদন সহগ কাপড়ের দৈর্ঘ্যের জন্য নির্ধারণ করা হইয়াছে। প্রকৃত কনজাম্পশন নির্ণয়ের জন্য প্রসেস লস হিসাবে মার্কিং দৈর্ঘ্যের সংগে ৪·৫% যোগ করিতে হইবে।

২। উপরিউক্ত উৎপাদন সহগ ৪৪/৪৫" বহরের কাপড়ের উপর ভিত্তি করিয়া নির্ধারণ করা হইয়াছে। যদি কাপড়ের বহরের কোন তারতম্য ঘটে, তাহা হইলে নিম্নে বর্ণিত উৎপাদন সহগ অনুসরণ করিতে হইবে:

$$\frac{\text{প্রয়োজনীয় কাপড়ের পরিমাণ} \times ৪৫''}{\text{প্রকৃত বহর}}$$

| | সাইজ | |
|---|---|---|
| অতিরিক্ত আবশ্যকতা (ডজন হিসাবে) | ৮-১৮/২০ | ৭-১৪ |
| (ক) সামনে শারিং/প্রিন্টিং এর জন্য | ০·৫০ গজ | ০·৩০ গজ |
| (খ) পিছনে শারিং/প্রিন্টিং এর জন্য | ০·৫০ " | ০·৩০ " |
| (গ) শার-করা হাতার জন্য | ০·৭০ " | ০·৫০ " |
| (ঘ) প্রতিটি অতিরিক্ত পকেটের জন্য | ০·৪০ " | ০·৩০ " |
| (ঙ) প্রতিটি পকেট ফ্ল্যাপের জন্য | | ০·৩০ " |
| (ঙ) প্রতিটি পকেট ফ্ল্যাপের জন্য | ০·৩০ " | ০·২০ " |
| চ) প্রতি জোড়া এপলেটের জন্য | ০·৩০ " | ০·২৫ " |

(ডজন হিসাবে)

| আইটেম | সাইজ: শিশুদের ৪—৭ | | সাইজ: ৮—১৮ নাবালী | | সাইজ: ১৪ই—১৭ই প্রাপ্তবয়স্ক | |
|---|---|---|---|---|---|---|
| | সলিড ৪৪/৪৫" | ষ্ট্রাইপ/চেক ৪৪/৪৫" | সলিড ৪৪/৪৫" | ষ্ট্রাইপ/চেক ৪৪/৪৫" | সলিড ৪৪/৪৫" | ষ্ট্রাইপ/চেক ৪৪/৪৫" |
| সাধারণ লম্বা প্যান্ট .. .. .. | ১৩.১০ গজ | ১৩.৫৭ গজ | ১৮.২০ গজ | ১৮.৭৫ গজ | ২২.৪৬ গজ | ২২.৯২ গজ |
| দুইটি প্যাচ পকেটসহ লম্বা প্যান্ট .. .. | ১৩.৫৭ " | ১৪.০৪ " | ১৮.৭৫ " | ১৯.২১ " | ২২.৯২ " | ২৩.৩৯ " |
| দুইটি ক্রস এবং, দুইটি ফ্ল্যাপওয়ালা পিছনের পকেটসহ লম্বা প্যান্ট। .. | ১৪.০৪ " | ১৪.৫০ " | ১৯.২১ " | ২৩.৩৯ " | ১৯.৬৮ " | ২৩.৮৬ " |
| দুইটি নীচের পকেটসহ লম্বা প্যান্ট, .. .. | ১৩.৫৭ " | ১৪.০৪ " | ১৮.৭৫ " | ১৯.২১ " | ২২.৯২ " | ২৩.৩৯ " |
| সাধারণ খাটো প্যান্ট .. .. .. | ৫.৬১ " | ৫.৮৫ " | ৭.৯৯ " | ৮.৪০ " | ১০.২৯ " | ১০.৭৬ " |
| দুইটি প্যাচ পকেটসহ খাটো প্যান্ট .. .. | ৬.০৮ " | ৬.৩২ " | ৮.৪৫ " | ৮.৯২ " | ১০.৯৯ " | ১১.৪৬ " |
| দুইটি ক্রস এবং দুইটি ফ্ল্যাপওয়ালা ব্যাক পকেটসহ খাটো প্যান্ট। .. | ৬.৫৫ " | ৬.৭৮ " | ৮.৯২ " | ৯.৩৯ " | ১১.২৩ " | ১১.৭০ " |
| দুইটি নীচের পকেটসহ খাটো প্যান্ট .. .. | ৬.০৮ " | ৬.৩২ " | ৮.৪৫ " | ৮.৯২ " | ১০.৯৯ " | ১১.৪৬ " |
| পিছনে ইয়োকসহ সাধারণ লম্বা প্যান্ট .. .. | ১৩.৫৭ " | ১৪.০৪ " | ১৮.৭৫ " | ১৯.২১ " | ২২.৯২ " | ২৩.৩৯ " |
| পিছনে ইয়োকসহ সাধারণ খাটো প্যান্ট .. | ৫.৮৫ " | ৬.০৮ " | ৮.২২ " | ৮.৬৯ " | ১০.৫৩ " | ১১.২৩ " |
| পিছনে অর্ধেক ইলাষ্টিকসহ সাধারণ লম্বা প্যান্ট .. | ১৪.৫০ " | ১৪.৯০ " | ১৯.৬৮ " | ২০.৬২ " | ২৩.৮৬ " | ২৪.৩৩ " |
| পিছনে অর্ধেক ইলাষ্টিকসহ সাধারণ খাটো প্যান্ট .. | ৬.৬৫ " | ৬.৭৮ " | ৮.৯২ " | ৯.৩৯ " | ১১.২৩ " | ১১.৭০ " |
| নেরোনা লম্বা প্যান্ট .. .. .. | ১১.২৩ " | ১১.৭০ " | ১৬.৪১ " | ১৬.৮৭ " | ২০.৫৯ " | ২১.৫২ " |
| নেরোনা খাটো প্যান্ট .. .. .. | ৫.৬১ | ৫.৯৯ " | ৭.৯৯ " | ৮.৪৫ " | ১০.২৯ " | ১০.৭৬ " |
| সার্ক লম্বা প্যান্ট .. .. .. | ১৪.০৪ " | ১৪.৫০ " | ১৯.২১ " | ১৯.৯২ " | ২৩.৩৯ " | ২৪.৩৩ " |
| সার্ক খাটো প্যান্ট .. .. .. | ৯.৩৬ " | ৯.৮২ " | ১১.৭৩ " | ১২.২০ " | ১৪.৯৭ " | ১৫.৪৪ " |
| স্কার্ট .. .. .. | ২২.৪৬ " | ২৩.৩৯ " | ২৭.১৭ " | ২৮.৫৭ " | ২৯.৯৪ " | ৩১.৮১ " |

১। উপরিউক্ত উৎপাদন সহগ কাপড়ের দৈর্ঘ্যের জন্য নির্ধারণ করা হইয়াছে। প্রকৃত কনজাম্পশন নির্ণয়ের জন্য প্রসেস লস হিসাবে মার্কিং দৈর্ঘ্যের সংগে ৪.৫% যোগ করিতে হইবে।

২। উপরিউক্ত উৎপাদন সহগ ৪৪/৪৫" বহরের কাপড়ের উপর ভিত্তি করিয়া নির্ধারণ করা হইয়াছে। যদি বহরের কোন তারতম্য ঘটে তাহা হইলে নিম্নে বর্ণিত উৎপাদন সহগ অনুসরণ করিতে হইবে:

প্রয়োজনীয় কাপড়ের পরিমাণ × ৪৫" / প্রকৃত বহর

| | অতিরিক্ত আবশ্যকতা (ডজন হিসাবে) | শিশু | মাঝারী | প্রাপ্ত বয়স্ক |
|---|---|---|---|---|
| ১। | প্রতিটি অতিরিক্ত প্যাচ পকেটের জন্য কাপড়ের প্রয়োজনীয়তা। | ০.৫০ | ০.৭০ | ০.৯০ |
| ২। | প্রতিটি ভিতরের পকেটের জন্য কাপড়ের প্রয়োজনীয়তা (কাপড় লাইনিং ধরনের অথবা একই ধরনের হতে পারে)। | ০.৮০ | ১.০০ | ১.১৫ |
| ৩। | বও পকেটের (পিছনের পকেট) জন্য কাপড়ের অথবা একই ধরনের হতে পারে (১, ২ ও ৩) এর জন্য ঋণপত্রে উল্লেখিত কাপড় আমদানী করা যেতে পারে। | ০.৭০ | ০.৯০ | ১.০০ |
| ৪। | ৪টি সামনের প্লিটের জন্য কাপড়ের প্রয়োজনীয়তা (ঋণপত্রে উল্লেখিত হলে আমদানী করার অনুমতি দেয়া যেতে পারে)। | ০.৭৫ | ০.৭৫ | ০.৭৫ |
| ৫। | কর্তনয় কাপড়ের জন্য বিশেষ অনুমোদন হিসাবে ৪% অনুমোদন করা হবে। | | | |

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

এ, কে, রিয়াজুল করিম
প্রথম সচিব (শুল্ক)।

মোঃ মিজানুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।